তারিখ ... 4 APR 2017
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ



# শিক্ষার মানোন্নয়ে এক সঙ্গে কাজ করবে এটুআই এবং ব্র্যাক

গত ২৯ মার্চ প্রধানমন্ত্রী কার্যালয়ের এসএসএফ ব্রিফিং রুমে সাধারণ শিক্ষার সঙ্গে কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ সমন্বয়ের লক্ষ্যে একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এবং ব্র্যাকের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। প্রধানমন্ত্রী কার্যালয়-এর মহাপরিচালক (প্রশাসন) ও এটুআই প্রোগ্রামের প্র

প্রকল্প পরিচালক কবির বিন আনোয়ার এবং ব্র্যাক-এর সিনিয়র পরিচালক (স্ট্র্যাটেজি, কমিউনিকেশন এবং এমপাওয়ারমেন্ট) আসিফ সালেহ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। সমঝোতা স্মারকের আওতায় এটুআই প্রোগ্রাম ও ব্র্যাক যৌথভাবে নবম-দশম শ্রেণীর দুর্বল শিক্ষার্থীদের জন্য বিশেষ একটি ট্রেডে দক্ষতা বৃদ্ধি করবে। এই উদ্যোগের আওতাভুক্ত শিক্ষার্থীরা বিদ্যমান শিক্ষা ব্যবস্থায় এসএসসি সনদের পাশাপাশি কারিগরি বোর্ডের দক্ষতার সনদ লাভ করবে। কোন শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অকৃতকার্য হলেও দক্ষতার সনদের মাধ্যমে যথোপযুক্ত কর্মসংস্থানে যুক্ত হতে পারবে। উল্লেখ্য, বাংলাদেশে প্রতিবছর প্রায় ১৭ লক্ষ শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে যার মধ্যে প্রায় ২ লক্ষ অকৃতকার্য হয়। এ সব শিক্ষার্থীরা হতাশ হয়ে অনেক সময় বিপথগামী হয়। বর্তমানে পাইলট আকারে এটুআই এবং ব্র্যাকের যৌথ উদ্যোগে ১০টি উপজেলায় এই প্রোগ্রামটি বাস্তবায়ন করা হবে। প্রোগ্রামটি সফলভাবে বাস্তবায়িত হলে এই শিক্ষার্থীরা দক্ষ জনশক্তিতে রূপান্তরিত হবে এবং বাংলাদেশের মাটিতে মাথা উঁচু করে দাঁড়াতে সক্ষম হবে। সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন এটুআই-এর জনপ্রেক্ষিত বিশেষজ্ঞ নাঈমুজ্জামান মুক্তা, ব্র্যাক-এর পরিচালক (স্কিলস ডেভেলপমেন্ট) তাহসিনাহ আহমেদ প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি।